# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.pressinform.gov.bd

নম্বর: ১৫.৫২.০০০০.০০০.০১১.১১.০৬৬৯.২৫-২-৭১১ তারিখ ১০.০৩.২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য অধিদফতরের রাজস্ব খাতভুক্ত গ্রেড ১১ থেকে গ্রেড ২০ পর্যন্ত (পূর্বতন তৃতীয় ও চতুর্থ শ্রেণি) স্থায়ী পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিচের বর্ণনা অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | ইনফরমেশন অ্যাসিস্ট্যান্ট<br>টা: ১২,৫০০-৩০,২৩০/-<br>(গ্রেড-১১) | ১৪টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Word & Power Point সম্পর্কে অভিজ্ঞতা; (গ) পত্র-পত্রিকায় নিয়মিত ফিচার বা নিবন্ধ লেখার অভিজ্ঞতা; এবং (ঘ) ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করার অভিজ্ঞতা। |
| ০২ | ফটোগ্রাফার<br>টা: ১২,৫০০-৩০,২৩০/-<br>(গ্রেড-১১) | ০৭টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ডিজিটাল ক্যামেরা পরিচালনা ও কম্পিউটার সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিজিটাল ফটোগ্রাফিতে অন্যূন ০৬ (ছয়) মাসের কোর্সের সনদ;<br>(ঘ) বাংলা এবং ইংরেজিতে ছবির ক্যাপশন লেখায় দক্ষতা; এবং<br>(ঙ) ফ্রিল্যান্স ফটো সাংবাদিকতার যোগ্যতা। |
| ০৩ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>টা: ১০,২০০-২৪,৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৬টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) বাংলা ও ইংরেজি শর্ট হ্যান্ডে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা ৪৫ শব্দ ও ইংরেজি ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা ২৫ শব্দ ও ইংরেজি ৩০ শব্দ। |
| ০৪ | ড্রাইভার<br>টা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |
| ০৫ | ক্যাটালগার<br>টা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১টি | সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | স্টোর অ্যাসিস্ট্যান্ট<br>টা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬), | ০১টি | কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটারে MS Word & Excel সম্পর্কে অভিজ্ঞতা। |
| ০৭ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৯টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা ২০ শব্দ ও ইংরেজি ২০ শব্দ। |
| ০৮ | অফিস সহায়ক<br>টা: ৮,২৫০-২০,০১০/-<br>(গ্রেড-২০) | ১৯টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনকারীদের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলি:**

০১. আগ্রহী প্রার্থীগণ https://pid.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন করতে পারবেন। সরাসরি। ডাকযোগে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০২. শুধুমাত্র বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৩. আবেদনকারীর বয়স ০১-০৩-২০২৬ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে, বর্ণিত ছকের ৩৩৭ নং ক্রমিকে উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থী অর্থাৎ তথ্য অধিদফতরের রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বছর স্থায়ী বা আস্থায়ীভাবে চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৪. কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হবেন না যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নন।

০৫. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিবিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬. কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান/জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন প্রতিপালিত হবে।

০৭. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র/অনাপত্তিপত্র (NOC) বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

০৯. মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে (এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে):-

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি;

(খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) নাগরিকত্ব সনদ;

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র;

(ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি;

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে;

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(জ) সরকারি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ঝ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র;
(ঞ) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙ্গিন প্রিন্ট কপি।

১০. কেউ প্রকৃত তথ্য গোপন করে চাকুরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১. যদি কোনো প্রার্থী কোনো ফৌজধারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।
১২. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। ব্যবহারিক/বাছাই/লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
১৩. নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।
১৫. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১৬. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:
ক. একই দিনে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে বিবেচনায় একাধিক পদে আবেদন নিরুৎসাহিত করা হলো।
খ. আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপ:
(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১ এপ্রিল ২০২৬ সকাল ১০:০০ টা হতে।
(ii) অনলাইনে এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২১ এপ্রিল ২০২৬ বিকাল ০৫:০০ টা পর্যন্ত।
(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
গ. অনলাইনে আবেদনপত্রে প্রার্থী তার সম্প্রতি তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০KB হতে হবে।
ঘ. অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
ঙ. প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
১৬. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদনপত্র Submit করার অব্যবহিত পরে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে SMS করে নিম্নবর্ণিত পদ/গ্রেডসমূহের জন্য সরকার নির্ধারিত পরীক্ষার ফি বাবদ Teletalk এর সার্ভিস চার্জসহ ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনে এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

| ক্র.ন | গ্রেড | পরীক্ষার ফি | সার্ভিস চার্জ | সর্বমোট |
|---|---|---|---|---|
| ০১. | ১১তম থেকে ১২তম | ১৫০/- (একশত পঞ্চাশ) | ১৮/- (আঠারো) | ১৬৮/- (একশত আটষট্টি) |
| ০২. | ১৩তম থেকে ১৬ তম | ১০০/- (একশত) | ১২/- (বারো) | ১১২/- (একশত বারো) |
| ০৩. | ১৭তম থেকে ২০তম | ৫০/- (পঞ্চাশ) | ৬/- (ছয়) | ৫৬/- (ছাপ্পান্ন) |
| ০৪. | সকল গ্রেডে (অনগ্রসর নাগরিক) | ৫০/- (পঞ্চাশ) | ৬/- (ছয়) | ৫৬/- (ছাপ্পান্ন) |

**প্রথম SMS:**
PID<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PID ABCDEFGH
Reply SMS: Applicant's Name, Tk. 168/- Will be charged as Application fee. Your PIN is 12345678. To Pay fee Type PID<space>Yes <space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:**
PID<space>YES <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PID Yes 12345678 and send to 16222.
Reply SMS: Congratulation Applicant's Name, payment completed successfully for PID application for the post of xxx,
User ID: (ABCDEFGH) and Password (XXXXXXXX).

ক. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://pid.teletalk.com.bd অথবা তথ্য অধিদফতরের অফিসিয়াল ওয়েবসাইটে https://pressinform.gov.bd/ এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
খ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।
গ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে: PID<space>Help<space>User<space>User ID and Send to 16222.
Example: PID HELP User ABCDEFGH and send to 16222.
ii. PIN নম্বর জানা থাকলে: PID<space>Help<space>PIN<space>PIN No and send to 16222.
Example: PID Help PIN 1234567.
ঘ. অনলাইনে আবেদন করতে সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটরের টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobs.bd এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।
৭. বিজ্ঞপ্তিটি তথ্য অধিদফতরের অফিসিয়াল ওয়েবসাইট (https://pressinform.gov.bd/) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে (https://pid.teletalk.com.bd) পাওয়া যাবে।

**[পর্যাপ্ত সময় নিয়ে অতি সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে আবেদনপত্র পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বেই ফি জমাদানসহ আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।**

Azaman
১০/০৬/২০২৬

**মো: মনিরুজ্জামান খান**
সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন)
ও
সদস্য-সচিব, বিভাগীয় নিয়োগ কমিটি
তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডিজি-২৯৭/২৬ (২৫''x৪)